ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৬১
আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৪

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

আজ ১৮ নভেম্বর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় 'টিসিএস, নন-টিসিএস পদ থেকে নিয়ম ভেঙে আইএএস পদে প্রমোশনের উদ্যোগ ঘিরে ক্ষোভ' শিরোনামে প্রকাশিত সংবাদটি রাজ্য প্রশাসনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। রাজ্য প্রশাসন থেকে জানানো হয়েছে প্রকাশিত সংবাদটি সঠিক নয়। প্রকৃত তথ্য হল নন-টিসিএস থেকে আইএএস পদে প্রমোশনের ক্ষেত্রে The Indian Administrative Service (Recruirtment) Rules-1954 এর Rule-4(2)(b) অনুসারে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে আলোচনাক্রমে শূন্যপদ নির্ধারণ করে থাকে। এক্ষেত্রে উল্লেখ্য যে, The Indian Administrative Service (Recruirtment) Rules-1954এর Rule-9(1) মোতাবেক নন টিসিএস পদে মোট প্রমোশন/সিলেকশন ১৫ শতাংশের বেশী হতে পারবে না। প্রতি বছরের শূন্যপদ নির্ধারণের জন্য ভারত সরকারের DoPT দপ্তরের অনুমোদন প্রয়োজন হয়। নিয়ম মোতাবেক রাজ্য সরকার আউটস্ট্যান্ডিং অ্যাবিলিটি ও মেরিট এবং সার্ভিস রেকর্ডস-এর ভিত্তিতে DoPT কর্তৃক নির্ধারিত শূন্যপদে নন-টিসিএস থেকে আইএএস পদে সিলেকশনের প্রস্তাব ইউপিএসসি-তে পাঠিয়ে থাকে।

যথারীতি ২০২১ ও ২০২২ সালে উদ্ভুত শূন্যপদ নির্ধারণের জন্য রাজ্য সরকার DoPT তে প্রস্তাব পাঠায়। পরবর্তীতে আবার ২০২৪ সালে রাজ্য সরকারের তরফ থেকে ভারত সরকারের DoPT দপ্তরে দুটি শূন্যপদ নির্ধারণের জন্য প্রস্তাব পাঠানো হয়। DoPT থেকে উক্ত শূণ্যপদের অনুমোদন পাওয়ার পর তা ইউপিএসসি-তে সিলেকশন কমিটি মিটিং-এর জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। মেরিট ও সার্ভিস রেকর্ডস যাচাই করে ইউপিএসসি তালিকা চূড়ান্ত করার জন্য প্রক্রিয়া যথারীতি চালু রয়েছে। এই প্রক্রিয়ার অংশ হিসাবে ইউপিএসসি সম্প্রতি কিছু সংশ্লিষ্ট বিষয় পুনর্বিবেচনার জন্য রাজ্য সরকারকে অনুরোধ করে, যা বর্তমানে বিবেচনাধীন আছে। তাই প্রকাশিত সংবাদটি ভিত্তিহীন ও সত্য নয়।

******